

২৭তম কাউন্সিল ডিষ্ট্রিক্ট

আই. দানিক মিলার (I. Daneek Miller) (D, WF)

শুভ দিন, আমি Daneek Miller এবং সিটি কাউন্সিলের জন্য আমি আপনাদের ভোট চাচ্ছি। এমালগেটেড ট্রান্সপোর্টেশন ইউনিয়ন ১০৫৬ এর সভাপতি হিসাবে আমি কাজ করছি যাহা MTA ড্রাইভার এবং মেকানিকসদের প্রতিনিধিত্ব করে। জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে আমি সারাটি জীবন যুদ্ধ করেছি এবং সাউথইস্ট কুইন্স এর নেইবারহুডের। একজন শ্রমিক ও কমিউনিটি সক্রিয় কর্মী হিসেবে, সফল অর্জনের লক্ষ্যে সম্মিলিত দল গঠন ও এর ক্ষমতা কি তা আমি জানি। সফলতার সহিত Q২৭ এবং Q৪২ বাস সার্ভিস আবার চালু করা এই কাজের অন্তর্ভুক্ত। আমার কর্মকান্ড আরও অর্ন্তভুক্ত করে সাউথ কুইন্স পার্কস এসোসিয়েশন এর সাথে কাজ করে আমাদের পার্কেগুলোর উন্নয়ন এবং যুব সম্প্রদায়ের শিক্ষা ও সামাজিক সুযোগ সুবিধা প্রদান করা। কুইন্স এর ব্রাদারস আনলিমিটেড এবং ইউনাইটেড ব্ল্যাক মেন এর সাথেও আমি সক্রিয়। আপনাদের কাউন্সিল মেম্বার হিসাবে আমাদের নেইবারহুডের স্কুলগুলোর শিক্ষার উন্নয়নে আমি কাজ করবো। আমি পাবলিক স্কুলের একজন ছাত্র ছিলাম; আমার সন্তানেরাও সেগুলিতে গিয়েছে; আমি চাই প্রতিটি স্কুলে প্রতিটি শিশু সবচেয়ে ভাল সম্ভাব্য শিক্ষা পাবে। আমাদের নেইবারহুডের উন্নয়নে সিটি বাজেটে তহবিল যোগান দিতে আমি যুদ্ধ করবো। আমি অঙ্গীকার করছি আমাদের বাসস্থান সমূহকে উন্নততর স্থান হিসাবে গড়ে তুলতে আমার সংগ্রাম চলবে। এর মানে হলো জনগন ভাল বেতনের চাকরী পাওয়ার সুযোগ পাবে। এবং এটা বোঝায় যে নিবার্চিত কর্মকর্তাগণ প্রতিটি অধিবাসীর নিকট কৈফিয়ৎ দিতে অবশ্যই দায়বদ্ধ থাকবে, কোণ বিতশালী দাতাদের নিকট নয়। সাউথ ইস্ট কুইন্সের জন্য আমি আজীবন যুদ্ধ করেছি। একজন কোমালিশন বিল্ডার যে জানে কিভাবে ফল সর্ববরাহ করতে হয় সে হিসাবে আমার অভিজ্ঞতা এবং কাজ উৎসর্গ করতে চাই। আপনাদের নতুন কাউন্সিলার মেম্বার হিসাবে আপনাদের জন্য এবং আপনাদের সাথে কাজ করার প্রতীক্ষায় রয়েছি।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

২৭ তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

সোন্ড্রা এইচ. পীডেন (Sondra H. Peeden) (I)

আমার নাম Sondra Peeden এবং ২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্টে প্রথম নির্বাচিত মহিলা হওয়ার সৌভাগ্য অর্জনের সুযোগ নিতে আগ্রহী। আমার জীবনের অধিকাংশ সময় ধরে আমি সাইথইস্ট কুইন্সকে ভালবাসি এবং সেইন্ট এলব্যানস এ বসবাস করি। ২০ বছর ধরে সরকারী চাকুরী করার পর আমি বুঝতে পারছি কেমন করে নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের অধিবাসীদের জন্যই কাজ করবো বরং নিউইয়র্ক সিটির সকল নাগরিকের জন্য। আমাদের সামনে সে সব সমস্যা রয়েছে তা মোকাবেলার জন্য আমাদের প্রয়োজন প্রাতিষ্ঠানিক জ্ঞান, একটা সতেজ দৃষ্টিভঙ্গি এবং সকলের সাথে মিলে কাজ করার যোগ্যতা সম্পন্ন নির্বাচিত ব্যক্তিদের। ২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট সিটি হলে এমন কাউকে চায়, যার মধ্যে জ্ঞান, অভিজ্ঞতা এবং সমস্যার সমাধান খুঁজে বের করার সক্ষমতা রয়েছে। আমি শ্রম, বেসরকারী শিল্প সেক্টরকে সমর্থন দেবো এং সরকারী বেসরকারী যৌথ উদ্যোগকে এগিয়ে নেবো। আমি কাজ করবো: সবুজায়ন শিল্প, যন্ত্রাংশ উপাদিত শিল্প, খন্ডকালীন কর্মসংস্থান, সাউথইস্ট কুইন্সকে একটা খুচরা ও পাটকারী ব্যবসা কেন্দ্রে পরিণত করতে। আমাদের কমিউনিটির সব চেয়ে ক্ষনভংগুর ও দুর্বলতমদেরকে সুবক্ষা করতে এগিয়ে চলা, বিশ্বে সাথে পাল্লা দিয়ে চলতে আমাদের সন্তানদেরকে উপযোগী করে তুলতে শিক্ষা বিভাগকে পুনর্বিন্যাস করা প্রয়োজন। কুইন্টা কাউন্সিলে হাসপাতাল বেডের অপ্রতুলতা এবং আমাদের কমিউনিটিতে স্বাস্থ্য সেবার বৈষম্য রয়েছে। আমি অঙ্গিকার করছি যে, সকলের কথাই শুনবো, আমাদের কমিউনিটি ও সিটিকে সংরক্ষণ ও পরিবর্তনের মাধ্যমে সবার জন্য একটা আরও উত্তম জায়গায় পরিণত করবো। ২০১৩ এর সেপ্টেম্বরের ১০ তারিখে, আমি আশাকরি আপনারা আমাকে ভোট দিবেন, Sondra Peeden.

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*